OC, DCRB

W.B.P.Form No. 27

# FIRST INFORMATION REPORT

2973

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist Purba Mdl Sub- Divn Tamluk P.S. Tamluk Year 2017 FIR NO. 25/17 Date 27.01.17
2. i) Act IPC Section 420/406/384/323/506/34
   ii) Act ........ Section ........ iv) Other Act & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 1395 dt 27.01.17 Time at 14.50 hrs
   b) Occurrence of Offence : Day Saturday Date 25.5.13 Time at 14.00 hrs
   c) Information received Date On 27.01.2017 Time at 14.50 hrs
   G.D. No. 1395 dt 27.01.2017 at the Police Station :
4. Type of Information. Written / Oral MP Case no. 384/13 of x.m. South
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. ........
   b) Address Dakshenchara Sankaraara, ward no. 18, H. no. 286, block & PS Tamluk Dist. Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint /Informant :
   a) Name Jitendra maity
   b) Father's / Husband's Name Amalendu maity
   c) Date/Year of Birth not noted
   d) Nationality Indian
   e) Address vill. Nanadam, PS Nandakumar, Dist. Purba Medinipur
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars 1) Mr. R.K. Mishra @ Rajkumar Mishra, of Room no. J-24,
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Janata nagar, Kashimira near Saikutlia, Dist. Thane - 401104, Maharasthra present address of Rental house at Maharasthra, E-103
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) Snehal Garden, CHS Near Jarimari mandir, Tahar Road Kashi Gaon Kashi mira, dist. Thane - 401107 Maharashtra Previous address of rental house at Tamluk, vill. Dakshen Chara Sankarara, ward no. 18, P.O. & PS
10. Total value of Properties stolen / involved Tamluk, Dist. Purba Medinipur
11. Inquest report / U.D. : Case No. if any : ........
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The FIR along with CD of Nandakumar PS Case no. 99/13 dated 25.12.13 u/s 420/406/384/506/323/34 IPC and copy of order sheet of Ld. Court which is treated as FIR is attached herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 420/406/384/506/323/34 IPC

register the case and took up the investigation/directed PSI Soumen Guha, of Tamluk PS to take up the investigation transferred to P. S. ........ on point of jurisdiction FIR read over to the Complaint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Pradhan

Signature of the Office-in-charge, Police Station with
Name KRISHNENDU PRADHAN
Rank OC, TAMLUK PS
Number, if any ........ 2017

Signature / Thumb Impression of the Complainant /Informant

1148
31/1/17

8901

[illegible]rmation of a cogn[illegible] rep[illegible] under section 154 Cr. P. C. at P.S.

Purba MDP Su[illegible] Tamluk P.S. Nandakumar Year 2013 FIR No. 445/13 Date 25/12/13

Act I.P.C. Sections 420/406/384/506/323/34 I.P.C. Sections

(iii) Act ........ Sections ........ (iv) Other Acts & Sections

(a) General Diary Reference : Entry No. 1107 Time 12.15 hrs.

(b) Occurrence of Offence : Day Saturday Date 25.5.13 Time 14:00 hrs.

(c) Information received Date on 25.12.13 Time 12:15 hrs.

G. D. No. 1107 at the Police Station :

4. Type of Information. Written/Oral Court Complaint M.P. 384/13.

5. Place of Occurrence (a) Direction and Distrance from P.S. 15 K.M. North.

(b) Address Vill– Dakhinchara Sankarara, Ward no 18 PS – Tamluk, Dist – Purba Medinipur.

(c) In case outside limit of this Police Station, then the name of P.S.

District

6. Complaint/Informant :

(a) Name Jitendra Maity

(b) Father's/Husband's Name Amalendu Maity

(c) Date/Year of Birth Not noted

(d) Nationality Indian.

(e) Address Vill– Naradari, PS– Nandakumar, Dist– Purba MDP

7. Details Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Mr. R. K. Mishra @ Raj Kumar Mishra

(Attach separate sheet, if necessary)

8. Reasons for dealy in reporting by the Complaint/Informant

of Room no J-24, Janata Nagar, Kashimira, near Saikuttir, Dist-Thane-401104, Maharastra

9. Particular of properties stolen/involved : (Attach separate sheet, if required) : Present Address

of rental house at Maharastra, E-403 Snehal Garden, C.H.S. Near Jarimari Mandir, Talav Road Kashi Gaon, Kasimira, Dist-Thane-401107, Maharastra. Previous address of rental house at Tamluk. Vill– Dakhin chara Sankarara, Word no 18, PS– Tamluk

10. Total value of Properties stolen/involved : Dist – Purba Medinipur.

11. Inquest report/U.D. : Case No., if any :

12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as F.I.R. is attached herewith.

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s. 420/406/384/506/323/34 IPC

register the case and took up the investigation/directed S.I. Sankar Kr. Das.

........ to take up the investgation

transferred to P. S. ........ on point of jurisdiction FIR read over to the Complaint/informant.

admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

S.I. S. Mishra please investigate the case. [signature] SI 04/1/15

Signature/Thumb Impression of the Complainant/Informant is in the written complaint.

Badal Nayak

Signature of the Office-in-charge, Police Station with

Name BADAL NAYAK

Rank Officer-in-charge Inspector of Police

Number, if any Nandakumar Police Station Purba Medinipur 25/12/13

24.7.[illegible]

P-1

19190102760 2013

IN THE COURT OF LD. CHIEF JUDICIAL MAGISTRATE
PURBA MEDINIPUR AT TAMLUK

M.P. CASE NO. 384 /2013

**F.I.R.**

**COMPLAINT AS F.I.R. UNDER THE PROVISION OF SEC. 156(3) OF CR.P.C.**

**O/C. TAMLUK P.S.**

*বাদী*

শ্রী জিতেন্দ্র মাইতি
পিতা - অমলেন্দু মাইতি
সাং - নারানদাঁড়ি
পোঃ - ব্যবত্তারহাট,
থানা - নন্দকুমার
জেলা- পূর্ব মেদিনীপুর।

Received on 25/12/13 at 12.15 hrs. and Started Nandakumar P.S. Case No 445/13 dt 25/12/13 u/s 420/406/384/506/323/34 I.P.C.
Badal Nayak
N.G.
25/12/13
Officer-in-charge
Nandakumar Police Station
Purba Medinipur

*আসামী*

Mr. R. K. Mishra @ Raj Kumar Mishra
of Room No.J-24, Janata Nagar
Kashimira, near Saikuttir
Dist. Thane- 401104, Maharashtra
Present Address of rental house at Maharaashtra
E-403, Snehal Garden, C.H.S.
Near Jarimari Mandir, Talav Road
Kashi Gaon, Kashi Mira, Dist.Thane- 401 107
Maharashtra.
Previous Address of rental house at Tamluk
Vill. Dakshin Chara Sankarara
Ward No. 18, P.O. & P.S. Tamluk
Dist. Purba Medinipur

সাক্ষীগণ -

১। রাজু মাইতি, পিতা - অমলেন্দু মাইতি
সাং - নারাদাঁড়ি, পোঃ - ব্যবর্ত্তারহাট,
থানা - নন্দকুমার, জেলা - পূর্ব মেদিনীপুর
২। ত্রিদেব মিত্র, পিতা - মদন মিত্র
৩। বুম্বা পাঠক, পিতা - অজানা
৪। সেক সৌমেন, পিতা - সেক ইজাহার
সাং - পদুমবসান, পোঃ ও থানা - তমলুক,
ওয়ার্ড নং - ১২, জেলা - পূর্ব মেদিনীপুর
৫। আশিষ হাজরা, পিতা - রনজিৎ হাজরা
সাং - বন্নুক, পোঃ - বন্নুকহাট,
থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর
ও আরো অনেকে

***ঘটনার তারিখ ও সময়*** - গত ইং ১১-১১-২০১২ তারিখ থেকে ও শেষ ঘটনার তারিখ ২৫-০৫-২০১৩ দুপুর ২টা নাগাদ। বাং ১০ই জ্যৈষ্ঠ, ১৪২০ সাল।

24 JUL 2013

P-3



<u>**ঘটনাস্থল**</u> -দক্ষিনচড়া শঙ্করআড়া, ওয়ার্ড নং - ১৮, পোঃ ও থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর
<u>**মন্তব্য**</u> - ভাঃ দঃ বিঃ আইনের ৪২০/৪০৬/৩৮৪/৫০৬/৩২৩/৩৪ ধারা মতে আসামীর বিরুদ্ধে অভিযোগ।

অধীন উপরোক্ত বাদীর বিনীত নিবেদন এই যে,

অধীন উপরোক্ত ঠিকানায় স্থায়ী বাসিন্দা হইতেছে। অধীন বর্তমানে চাকুরী সুত্রে উপরোক্ত বর্তমান ঠিকানস্থিত ভাড়া বাড়ীতে বসবাস করিতেছি।

উপরোক্ত আসামী অত্যন্ত বদমায়েস, প্রতারক, ঠকবাজ ও কুচক্রী ব্যক্তি হইতেছে।

উপরোক্ত আসামীর উপরোক্ত স্থায়ী ঠিকানায় একটি বসত বাটী রহিয়াছে। অধীন পূর্বে উপরোক্ত আসামীর উপরোক্ত মহারাষ্ট্রস্থিত ঠিকানাস্থিত স্থায়ী বসতবাটীতে ভাড়াটিয়া হিসাবে বসবাস করিতেছিলাম এবং ভাড়ার মাসিক চুক্তি অনুযায়ী মাসে মাসে প্রদান করিয়া আসিতেছিলাম। উপরোক্ত আসামীর বাড়ীতে ভাড়াটিয়া হিসাবে থাকাকালীন অধীনের সহিত উপরোক্ত আসামীর অত্যন্ত ঘনিষ্ঠতা হয়। প্রকাশ থাকে যে, উপরোক্ত আসামী বিল্ডিং পেন্টিং-এ কন্ট্রাক্টর হইতেছে। অধীন ও উপরোক্ত আসামীর সহিত মালিক ও ভাড়াটিয়া সম্পর্কহেতু উপরোক্ত আসামী অধীনের সহিত তাহার পেন্টিং ব্যবসার বাড়াইবার জন্য অধীনের স্থায়ী ঠিকানাস্থিত বসত বাটীতে বহুবার আসিয়াছে এবং তাহার কাজের সুবিধার্থে উপরোক্ত আসামী উপরোক্ত বর্তমান ঠিকানায় তমলুকের ভাড়া বাড়িতে বসবাস করিতেছিল। ব্যবসার আর্থিক সঙ্কটহেতু উপরোক্ত আসামী অধীনকে তাহার মহারাষ্ট্রস্থিত বসতবাটীটি বিক্রয় করিবার জন্য প্রস্তাব দেয়। অধীন উক্ত প্রস্তাবে রাজী হইয়া মোট বিক্রয় মূল্য ১২,০০,০০০্ টাকা চুক্তিতে একটি লিখিত চুক্তিপত্রের মাধ্যমে উপরোক্ত আসামীকে নগদ ২,০০,০০০্ টাকা গত ইংরাজী১১.১১.২০১২ তারিখে বায়না বাবদ আসামীর উপরোক্ত বর্তমান তমলুক ঠিকানাস্থিত ভাড়া বসতবাটীতে সাক্ষীগণের সাক্ষাতে প্রদান করিয়াছিলাম এবং উপরোক্ত আসামী আগামী দুই মাসের মধ্যে তাহার মহারাষ্ট্রস্থিত বসতবাটীটি রেজিষ্ট্রী করিয়া দিবার অঙ্গীকার বদ্ধে অধীন উপরোক্ত আসামীকে সম্পূর্ণ বিশ্বাস বশত পূর্ব পরিচয়হেতু এবং ভাড়াটিয়া মালিক সম্পর্ক সুসম্পর্ক থাকাহেতু উপরোক্ত নগদ ২,০০,০০০্ টাকা প্রদান করিয়াছিলাম। কিন্তু দুই মাস অতিক্রান্ত হইবার পর উপরোক্ত আসামীকে মহারাষ্ট্রে গিয়া তাহার বাড়িটির মধ্যে একটি কুঠরী রেজিষ্ট্রী করিয়া দিবার কথা বারংবার বলা সত্ত্বেও কোনরূপ কর্নপাত করেন নাই। অধীন তাহার উক্তরূপ আচরণে তিতিবিরক্ত হইয়া তাহার টাকা আসামীকে ফেরৎ দিতে বলিলেও কোনরূপ কর্নপাত না করিয়া বিভিন্নভাবে বিভিন্ন অছিলায় বিষয়টি এড়াইতে থাকে এবং আজ দেব কাল দেব বলিয়া অহেতু কালবিলম্ব করিতে থাকে। অধীন তার পরেও বহুবার তাহার বর্তমান তমলুক ঠিকানাস্থিত ভাড়া বসতবাটীতে বহুবার গিয়াছিলাম কিন্তু অদ্যাবধি টাকা পরিশোধ করে নাই কিংবা তাহার মহারাষ্ট্রস্থিত বসতবাটীস্থিত কুঠরীটি অধীনের নামে রেজিষ্ট্রীও করে নাই।

Office of the Chief Judicial Magistrate
FILED
24 JUL 2013
Tamluk, Purba Medinipur



কিন্তু উপরোক্ত ইং ১৭.০১.২০১৩ তারিখ অতিক্রান্ত হইবার পর উপরোক্ত আসামী অধিনকে টাকা পরিশোধ করিতেছে না দেখিয়া বহুবার ফোন মারফৎ যোগযোগ করিয়া ছিলাম কিন্তু উপরোক্ত আসামী আজ দেব কাল দেব বলিয়া অহেতুক কাল বিলম্ব করিতে থাকে এবং আগামী দুই মাসের মধ্যে অর্থাৎ ২১.০৩.২০১৩ তারিখের মধ্যে সমুহ টাকা পরিশোধ করিয়া দিবে বলিয়া অঙ্গীকারবদ্ধ হয় কিন্তু উপরোক্ত period অতিক্রান্ত হইবার পরও উপরোক্ত আসামী উপরোক্ত পরিমান টাকা পরিশোধ করিতেছে না দেখিয়া অধিন উপরোক্ত আসামীর বাড়িতে ও উপরোক্ত ঠিকানাস্থিত বাড়ীতে কয়েকবার যাইলে আর্থিক সংকটে পড়িয়াছে বলিয়া অধিনকে আশ্বস্ত করে এবং টাকা পাইলে অধিনের সমুহ টাকা পরিশোধ করিয়া দিবে বলিয়া কথা দেয়। কিন্তু উক্ত তারিখ অতিক্রান্ত হইবার পরও উপরোক্ত আসামী কোনরূপ টাকা পরিশোধ করিতেছে না গত ইং ২০.০২.২০১৩ তারিখে উপরোক্ত আসামীর বর্তমান তমলুক ঠিকানাস্থিত বাড়ীতে উপরোক্ত সাক্ষীগন সহ গিয়াছিলাম। উপরোক্ত আসামীর বর্তমান তমলুক ঠিকানাস্থিত বাড়ীতে যাইবার পর অধিনকে উপরোক্ত আসামী গত ইং ২৫.০৫.২০১৩ তারিখে তাহার বাড়ীতে যাইতে বলে। অধিন আসামীর কথা মত উপরোক্ত তারিখে দুপুর ২টা নাগাদ উপরোক্ত ১,২ ও ৩ নং সাক্ষী সহযোগে উপরোক্ত আসামীর উপরোক্ত তমলুকস্থিত বাড়ীতে যাই এবং আসামীর বাড়ীতে যাওয়ার সাথে সাথে অধিনকে ও সাক্ষীগনকে প্রচণ্ড অশ্লীল ভাষায় গালাগালি করে এবং টাকা দেবে না বলিয়া হুমকী দেখায় এবং উপরোক্ত আসামী সহ তাহার মদতপুষ্ট দুষ্কৃতকারী অধিন ও সাক্ষীগনকে ঘিরিয়া জামার কলার ধরিয়া টানাটানি হিঁচড়া হিঁচড়ি করে এবং অধিনকে প্রান নাশের ভয় দেখায়। অধিনের ইচ্ছার বিরুদ্ধে জোরপুর্ব্বক একটি ১০ টাকার অলেখা স্ট্যাম্প পেপার ও আর চারটি সাদা অলেখা ড্যামি পেপারে অধিনের টিপ সহি করিয়া লইয়া আত্মসাৎ করে এবং অতঃপর অধিনকে ঘাড় ধাক্কা দিয়া তমলুকস্থিত বাড়ী হইতে তাড়াইয়া দেয় এবং পুনরায় হুমকী দিয়া বলে যে, যদি তুই পুনরায় এখানে আসিস্ তাহলে খুন করে লাশ নদীর জলে ভাসাইয়া দেব। ফলে অধিন ও সাক্ষীগন পুনরায় আসামীকে কিছু বলার সাহস পায় নাই। অধিন অসহায় অবস্থায় ফিরিয়া আসি এবং অধীন ঘটনার বিষয় লিখিত আকারে এবং তমলুক থানায় জানাইয়াছিল।

এমতাবস্থায় উপরোক্ত আসামীর হেপাজত হইতে অধিনের সহি যুক্ত ১০ টাকার স্ট্যাম্প পেপার সহ ড্যামি পেপার গুলি উদ্ধার করা একান্ত আবশ্যক। নচেৎ উপরোক্ত আসামী তাহার খুশিমত documents গুলি ব্যবহার করিয়া অধিনকে ফাঁসাইতে পারে তৎসহ উপরোক্ত আসামীর নিকট হইতে পাওনা উপরোক্ত টাকা ফেরত পাইবার নিমিত্ত আশু প্রতিকার সুচক ব্যবস্থা লওয়া একান্ত আবশ্যক।

উপরোক্ত তারিখের ঘটনার পরেই উপরোক্ত আসামী তাহার বর্তমান তমলুক ঠিকানাস্থিত বসত বাটী ছাড়িয়া দিয়াছে এবং তাহার মহারাষ্ট্রস্থিত বসতবাটীতে বসবাস করিতেছে। উপরোক্ত আসামী তাহার মহারাষ্ট্রস্থিত স্থায়ী বসতবাটীতে বসবাস না করিয়া মহারাষ্ট্রস্থিত ভাড়া বাড়িতে বর্তমানে বসবাস করিতেছে।

FILED
24 JUL 2013



উপরোক্ত আসামী অধিনের বিশ্বাস ভঙ্গ করিয়াছে এবং অধিনকে প্রতারনা করিয়াছে ও ঠকাইয়াছে। যদি অধিন বুঝিতাম যে উপরোক্ত আসামীর অধিনকে উক্তরূপ ভাবে প্রতারানা করিবে এবং বিশ্বাস ভঙ্গ করিবে তাহলে উপরোক্ত আসামীকে টাকা ধার দিতাম না।

অধিন উপরোক্ত ঘটনার বিষয় স্থানীয় তমলুক থানায় গত ইংরাজী ২৭.০৫.২০১৩ তারিখে লিখিত ভাবে জানাইয়াছি। যাহার G.D.E. No. 375 dt. 27.05.2013 হইতেছে। কিন্তু থানা হইতে কোনরূপ প্রতিকার না পাওয়ায় অধীনা বাধ্য হইয়া মাননীয় এস.পি. পূর্ব মেদিনীপুরকে গত ইংরাজী ০৬.০৬.২০১৩ তারিখে লিখিত আকারে জানাইয়াছি। কিন্তু অদ্যাবধি পুলিশ প্রশাসন হইতে কোনরূপ প্রতিকার না পাওয়ায় অধীনা বাধ্য হইয়া অত্র মামলা মাননীয় আদালতে দায়ের করিতেছি।

পুলিশ প্রশাসন হইতে অধীনা প্রতিকার পাইবার আশায় থাকায় অত্র মামলা দায়েরে বিলম্ব হইল।

অত্র মামলার relevant documents এর জেরক্স কপি অত্র সহ প্রদত্ত হইল।

উপরোক্ত আসামীগণ ভারতীয় দন্ডবিধি আইন ৪২০/৪০৬/৩৮৪/৫০৬/৩২৩/৩৪ ধারা অনুযায়ী অপরাধ করিয়াছে।

উপরোক্ত সাক্ষী ব্যতীত আরো অনেক সাক্ষী সবুদ রহিয়াছে।

উপরোক্ত ঘটনার অপরাপর বিষয়বস্তু পুলিশী তদন্তকালে বিস্তারিতভাবে প্রকাশ পাইবে।

অতএব প্রার্থনা এই যে, উপরোক্ত আসামী বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধি আইনের ৪২০/৪০৬/৩৮৪/৫০৬/৩২৩/৩৪ ধারা মতে অপরাধ হেতু অত্র অভিযোগপত্রটি ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬ (৩) ধারা মতে নন্দকুমার থানার ভারপ্রাপ্ত অফিসারের নিকট প্রেরণ করিয়া অত্র অভিযোগপত্রটি এফ আই. আর. হিসাবে Treat করতঃ তদন্ত করিবার আদেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন ইতি -

তাং -